



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা-১২১৫।



‘রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭’ বাস্তবায়ন সংক্রান্ত বিআরটিএ’র জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যক্তিগত মোটরকার ও মোটরসাইকেল ভাড়ায় চালানোর জন্য সরকার কর্তৃক ‘রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭’ গত ০৮ মার্চ ২০১৮খ্রি: তারিখ হতে কার্যকর করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী বিআরটিএ’র নিকট হতে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে “রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট” এবং মোটরযানের মালিককে “রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট” গ্রহণ করা বাধ্যতামূলক। উক্ত সার্টিফিকেট গ্রহণের জন্য নির্ধারিত ফিস জমা প্রদানপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ নীতিমালায় বর্ণিত আবেদনপত্র (‘ফরম-ক’ এবং ‘ফরম-গ’ যেটি যেক্ষেত্রে প্রযোজ্য) পূরণ করে বিআরটিএ’র ওয়েবসাইট (www.brtc.gov.bd) এর মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০১ (এক) মাসের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। “রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট” এবং “রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট” ব্যতিরেকে রাইড শেয়ারিং সার্ভিস পরিচালনা করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও মোটরযান মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য ০২-৯১১৫৫৪৪, ০২-৯১১০৭৭৯ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ইঞ্জিঃ)
ফোনঃ ৯১১৫৫৪৪